

ত্রিপুরা লোকসেবা আয়োগ পরিচালিত TCS এবং TPS পরীক্ষায়
প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা তপশিলী জাতি কল্যাণ দপ্তর কর্তৃক জানানো যাচ্ছে যে ২০১৯-২০ ইং শিক্ষাবর্ষে ত্রিপুরা লোকসেবা আয়োগ পরিচালিত পরিচালিত TCS / TPS পরীক্ষায় অংশ গ্রহণের জন্য উক্ত কোর্সে বিনামূল্যে প্রশিক্ষণ নিতে ইচ্ছুক উপযুক্ত তপশিলী জাতি প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। উক্ত কোর্সে প্রশিক্ষণের জন্য রাজ্যের তপশিলী জাতি কল্যাণ দপ্তর এক বিশেষ কোচিং-এর ব্যবস্থা করা হয়েছে। বিনামূল্যে প্রশিক্ষণ/কোচিং নিতে ইচ্ছুক তপশিলী জাতি ছাত্র-ছাত্রীদের নিকট থেকে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ইচ্ছুক প্রার্থীকে অবশ্যই দরখাস্তের মধ্যে প্রয়োজনীয় তথ্যাবলী লিপিবদ্ধ করে কাগজপত্রাদি সহকারে আগরতলাস্থিত পন্ডিত নেহেরু কমপ্লেক্স, গোখারবাস্তি, তপশিলী জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তার অফিসে আগামী ১১-১১-২০১৯ ইং (সোমবার) তারিখের মধ্যে দরখাস্ত জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। উক্ত তারিখের পর আর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

শর্তাবলী :-

- ১। প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক (যে কোন বিভাগে)
- ২। প্রার্থীর পরিবারের বার্ষিক আয় ২.৫ লক্ষ টাকার মধ্যে হতে হবে।
- ৩। দপ্তর কর্তৃক নির্বাচিত Institute/College -এ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে।
- ৪। পরিবারভিত্তিক একজনকে এই সুযোগ দেওয়া হবে।
- ৫। প্রার্থী নির্বাচন করা হবে মেধার ভিত্তিতে এবং দপ্তরের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৬। কোন তথ্য গোপন করা হলে প্রার্থীকে তার দায়ভার বহন নিতে হবে এবং উক্ত প্রার্থীর দরখাস্ত বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ এরজন্য দায়ী থাকিবে না।

দরখাস্তের নমুনা :

- ১। প্রার্থীর নাম : ২। পিতার নাম : ৩। স্থায়ী ঠিকানা : (স্থায়ী বসবাসের প্রমাণপত্রের নকল (Self attested) জমা দিতে হবে। ৪। বর্তমান ঠিকানা : ৫। শিক্ষাগত যোগ্যতা : (মার্কসীটের প্রত্যয়িত নকল (Self attested) ৬। তপশিলী জাতিভুক্ত সার্টিফিকেটের প্রত্যয়িত নকল ৭। তপশিলী সম্প্রদায়ের নাম : ৮। পরীক্ষার প্রাপ্ত নম্বরের বিবরণ : ৯। প্রাপ্ত নম্বরের শতকরা হিসাব : ১০। পিতামাতার বাৎসরিক আয় মহকুমা শাসক অথবা ডেপুটি কালেক্টর কর্তৃক স্বাক্ষরিত এবং চাকুরীর পিতা-মাতার প্রার্থীদের ক্ষেত্রে আয়ের মূল প্রমাণপত্র D.D.O.(Drawal & disbursing officer) -কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়িত নকল (Self attested) জমা দিতে হবে। ১১। বয়সের প্রমাণপত্র (এডমিট কার্ড) প্রত্যয়িত নকল (Self attested) ১২। পি.আর.টি.সি সার্টিফিকেট কপি ১৩। সাম্প্রতিক তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ফটো দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে। ১৪। প্রার্থীর মোবাইল নম্বর :

বিস্তারিত জানার জন্য এই নম্বরে যোগাযোগ করতে পারেন :- ০৩৮ ১-২৩২-৩৩৬৩/২৩২-৩৬৮৬
উক্ত বিষয়টি দপ্তরের ওয়েব সাইটে ও (www.scw.tripura.gov.in) দেখা যেতে পারে।

স্বাক্ষর অস্পষ্ট
(সন্তোষ দাস)
অধিকর্তা
তপশিলী জাতি কল্যাণ দপ্তর,
ত্রিপুরা সরকার